“তোমাদের কেউ মারা গেলে অবশ্যই তার সামনে সকাল ও সন্ধ্যায় তার অবস্থান স্থল উপস্থাপন করা হয়

আব্দুল্লাহ ইবন ‘উমার রাদ্বিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমাদের কেউ মারা গেলে অবশ্যই তার সামনে সকাল ও সন্ধ্যায় তার অবস্থান স্থল উপস্থাপন করা হয়। যদি সে জান্নাতী হয়, তবে (অবস্থান স্থল) জান্নাতীদের মধ্যে দেখানো হয়। আর সে জাহান্নামী হলে, তাকে জাহান্নামীদের (অবস্থান স্থল দেখানো হয়) আর তাকে বলা হয়, এ হচ্ছে তোমার অবস্থান স্থল, ক্বিয়ামাত দিবসে আল্লাহ্ তোমাকে পুনরুত্থিত করা অবধি”।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যখন কোন বান্দা মারা যায়, তখন দিনের শুরুতে এবং শেষে তাকে জান্নাত বা জাহান্নামে তার স্থান এবং বিশেষ আবাসস্থল দেখানো হয়। যদি সে জান্নাতীদের একজন হয়, তাহলে তার স্থান জান্নাতে এবং যদি সে জাহান্নামী হয়, তাহলে তার স্থান জাহান্নামে। আর তাকে বলা হবে: এটিই তোমার আসন যেখানে তুমি কিয়ামতের দিন পুনরুত্থিত হবে; এটি মুমিনের জন্য সান্ত্বনা এবং কাফিরের জন্য আযাব।

http://www.sunnah.global/hadeeth/bn/show/11210